

# মুগ্ধিয়

## রাজশাহীতে ঝরল ৩ প্রাণ

কাশিয়ানীতে মাদ্রাসাশিক্ষকসহ তিনজনের প্রাণহানি \* সড়কে ১০ জেলায় নিহত আরও ১১

যুগান্তর ডেক্স

১০ মার্চ ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংক্রণ

রাজশাহীতে প্রথক সড়কে দুর্ঘটনায় ঝরছে তিনজনের প্রাণ। গোপালগঞ্জের কাশিয়ানীতে প্রাণহানি হয়েছে মাদ্রাসাশিক্ষকসহ তিনজনের। ১০ জেলায় নিহত হয়েছেন আরও ১১ জন। এদের মধ্যে রংপুরের মিঠাপুরুরে রাজমিস্ত্রি ও ভ্যানচালক, দিনাজপুরের চিরিরবন্দরে কলেজছাত্রী, ঢাকার যাত্রাবাড়ীতে নারী, মৌলভীবাজারের কমলগঞ্জে যুবক, নেত্রকোনার দুর্গাপুরে মাদ্রাসাছাত্রী, শরীয়তপুরের নড়িয়া ও নোয়াখালীর সুবর্ণচর এবং পটুয়াখালীর কুয়াকাটায় তিন শিশু, কিশোরগঞ্জের কটিয়াদীতে বৃন্দা ও টাঙ্গাইলের গোপালপুরে মাহিন্দ্রা যাত্রী রয়েছে। স্টাফ রিপোর্টার, বুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর-

রাজশাহী : প্রথক সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত হয়েছেন। সোমবার রাতে এবং বুধবার সকালে এ দুটি দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন-জেলার পৰা উপজেলার খোলাবোনা এলাকার নজরুল ইসলাম, পৰা উপজেলার পারিলা গ্রামের রাহাত আলী ও নাটোরের বাগাতিপাড়া উপজেলার জামনগরের রিনা বেগম। বুধবার সকালে ভ্যানে বোনের বাড়ি পারিলা থেকে রাজশাহী মহানগরীতে যাচ্ছিলেন রিনা। ওই সময় কাটাখালি এলাকায় একটি ব্যাটারিচালিত অটোরিকশার সঙ্গে ভ্যানের সংঘর্ষ হয়। এতে রাহাত ও রিনা গুরুতর আহত হন। পরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে দুজনের মৃত্যু হয়। এদিকে দামকুড়া থানার ওসি মাহবুবুর রহমান জানান, সোমবার রাতে জেলার পৰা উপজেলার দরগাপাড়ায় দোকান বন্ধ করে নজরুল ইসলাম বাড়ি ফেরার জন্য রাস্তা পার হচ্ছিলেন। এ সময় চাঁপাইনবাগঞ্জগামী একটি মোটরসাইকেল নজরুলকে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই তিনি মারা যান।

কাশিয়ানী (গোপালগঞ্জ) : কাশিয়ানীতে মোটরসাইকেল ও বাইসাইকেলে বাসের ধাক্কায় মাদ্রাসার শিক্ষকসহ তিনজন নিহত হয়েছেন। মঙ্গলবার দুপুরে ঢাকা-খুলনা মহাসড়কের পোনা বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- উপজেলার মাজড়া এমইউ সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ মোটরসাইকেল চালক মাওলানা এম. হাসিবুর রহমান, পোনা গ্রামের লোকমান শেখের ছেলে বাইসাইকেল আরোহী নবীর শেখ ও মো. রাজা মিয়ার ছেলে আব্দুর রহিম।

**রংপুর :** মিঠাপুরুরে একইস্থানে প্রথক সড়ক দুর্ঘটনায় দুজন নিহত হয়েছেন। রংপুর-ঢাকা মহাসড়কের মিঠাপুরুর উপজেলার পায়রাবন্দে শাহ আমানত পেট্রোল পাস্প এলাকায় বুধবার সকালে ও মঙ্গলবার রাতে এসব দুর্ঘটনা ঘটে।

**নিহতরা হলেন-উপজেলার পায়রাবন্দ ইউনিয়নের লহনি গ্রামের আবুল হোসেন মুস্তির ছেলে রাজমিস্ত্রি মশিউর রহমান ও একই ইউনিয়নের জয়রামপুর আনোয়ার গ্রামের কফিল উদ্দিনের ছেলে ভ্যানচালক আতিয়ার রহমান।**

**দিনাজপুর :** চিরিরবন্দরে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে প্রাণ গেছে প্রীতি রানী নামের এক কলেজছাত্রীর। বুধবার দুপুরে দিনাজপুর-রংপুর মহাসড়কের চিরিরবন্দর উপজেলার ভূমিরবন্দর এলাকায় আগ্রাই সেতুর সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত প্রীতি রানী দিনাজপুর সদর উপজেলার সুন্দরবন ইউনিয়নের রামডুবি সরকারপাড়ার ছত্রমোহন রায়ের মেয়ে এবং দিনাজপুর সরকারি কলেজের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন।

**ঢাকা :** যাত্রাবাড়ীতে গাড়ির ধাক্কায় এক নারী নিহত হয়েছেন। রাস্তা পার হওয়ার সময় বুধবার ভোরে সাড়ে ৫টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহতের পরিচয় পাওয়া যায়নি। তার বয়স আনুমানিক ৬০ বছর।

**কমলগঞ্জ (মৌলভীবাজার) :** কমলগঞ্জে শবেবরাতের নামাজ শেষে বাড়ি ফেরার পথে গাড়ির চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই প্রাণ হারালেন সৈয়দ এনামুল কবির নামের এক যুবক। নিহত সৈয়দ এনামুল কবির রহিমপুর ইউনিয়নের শ্রীনাথপুর গ্রামের সৈয়দ হুমায়ুন কবিরের ছেলে।

**দুর্গাপুর (নেত্রকোণা) :** দুর্গাপুরে বিরিশিরি-শ্যামগঞ্জ সড়কের লক্ষ্মীপুরে পিকনিকের বাস উলটে একজন নিহত ও অন্তত ৩৭ জন আহত হয়েছেন। বুধবার সকালে এ দুর্ঘটনা ঘটে। নিহত মাদ্রাসার ছাত্র হিমেল শেখ (১২) বলে নিশ্চিত করেছেন লক্ষ্মীপুর মাদ্রাসার শিক্ষক হাফেজ মাওলানা রুস্তম আলী।

**শরীয়তপুর :** নড়িয়ায় ট্রিলির নিচে পিষ্ট হয়ে ইমতিয়াজ (৩) নামের এক শিশু নিহত হয়েছে। বুধবার ৮ মার্চ সকাল সাড়ে ১০টার দিকে নড়িয়া বাজারের পূর্বমাথায় চাকধ রোডে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইমতিয়াজ নড়িয়া ইউনুচিয়া কেরাতুল কুরআন মাদ্রাসার মুহতামিম মাওলানা আবু ইউসুফের ছেলে। দুর্ঘটনায় মাওলানা আবু ইউসুফও আহত হয়েছেন। তাদের গ্রামের বাড়ী বরিশালের গৌরনদী উপজেলায়।

**কোম্পানীগঞ্জ (নোয়াখালী) :** সুবর্ণচর উপজেলার চরওয়াপদা ইউনিয়নে সড়ক পার হতে গিয়ে পাওয়ার টিলার চাপায় ইসমত তারা আলেয়া নামের ৯ বছর বয়সি এক শিশু নিহত হয়েছে। সোমবার সন্ধ্যা ৬টার দিকে থানারহাট-আল আমিন বাজার সড়কের মন্তাজ আলী সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইসমত তারা আলেয়া চরওয়াপদা ইউনিয়নের চরকাজী মোখলেস গ্রামের নীরব হোসেনের মেয়ে।

**পটুয়াখালী দক্ষিণ :** পটুয়াখালীতে বাস খাদে পড়ে রোজা (৮) নামে এক শিশু নিহত হয়। আহত হন অন্তত ১৫ জন। বুধবার ভোররাতে পটুয়াখালী সেতু এলাকায় পিকআপ ভ্যানকে ওভারটেক করতে গিয়ে পাশের খাদে পড়ে এ দুর্ঘটনা ঘটে।

**কটিয়াদী (কিশোরগঞ্জ) :** কটিয়াদীতে অটোরিকশা নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে হাদু বেগম নামের এক বৃন্দা নিহত হয়েছেন। ঘটনাটি ঘটেছে বুধবার সকালে কটিয়াদী-মঠখোলা সড়কের বেতাল এলাকায়। নিহত হাদু বেগম উপজেলার বনগ্রাম ইউনিয়নের কাঁঠালতলী গ্রামের আমান উল্লাহর স্ত্রী।

**গোপালপুর (টাঙ্গাইল) :** গোপালপুরে মাহিন্দ্রার সঙ্গে লোবেট গাড়ির সংঘর্ষে শিপন নামে এক যাত্রী নিহত হয়েছেন। তিনি উপজেলার পাকুয়া শিকদারআটা গ্রামের হাবুর ছেলে। মঙ্গলবার রাত সাড়ে ১০টায় পৌর শহরের ডুবাইল বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

**সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023